

জাতীয়

জুলাই অভ্যুত্থানে ৩ লাখ ৫৩১১ গুলি ব্যবহার করেছে পুলিশ

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সারাদেশে জুলাই গণঅভ্যুত্থানের সময় পুলিশ ৩ লাখ ৫ হাজার ৩১১টি গুলি ব্যবহার করেছে। এর মধ্যে বড় একটা অংশ ছিল ৭.৬২ এমএম গুলি।

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ সাত আসামির বিরুদ্ধে করা মামলায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২-এ মঙ্গলবার (১১ আগস্ট) এমন তথ্য তুলে ধরে যুক্তিতর্ক উপস্থাপন করেন প্রসিকিউটর গাজী এমএইচ তামিম।

যুক্তিতর্কে প্রসিকিউটর বলেন, জুলাই গণঅভ্যুত্থানের সময় পুলিশ সারাদেশে কী পরিমাণ গোলাবারুদ ব্যবহার করেছিল, তার একটি প্রতিবেদন পুলিশ সদস দপ্তর তাদের দিয়েছে, যা প্রমাণ হিসেবে ট্রাইব্যুনালে দাখিলও করা হয়েছে।

পুলিশ সদর দপ্তরের তথ্য অনুযায়ী, জুলাই গণঅভ্যুত্থানের সময় সারাদেশে পুলিশ ৩ লাখ ৫ হাজার ৩১১টি গুলি ব্যবহার করেছে। এর মধ্যে বড় একটা অংশ ছিল ৭.৬২ এমএম গুলি।


পুলিশ গণঅভ্যুত্থানের সময় ৪০টি জেলায় মারণাস্ত্র ব্যবহার করেছিল উল্লেখ করে তিনি বলেন, জুলাইয়ে ঢাকায় ৯৫ হাজারের বেশি গুলি ছুড়েছিল পুলিশ। এ মামলায় পঞ্চম দিনের মতো যুক্তিতর্ক উপস্থাপন করে প্রসিকিউশন।

ওবায়দুল কাদেরসহ মামলার অন্য আসামিরা হলেন- কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম, সাবেক তথ্য প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত, নিষিদ্ধ সংগঠন যুবলীগের সভাপতি শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিল, নিষিদ্ধ ঘোষিত সন্ত্রাসী সংগঠন ছাত্রলীগের সভাপতি সাদাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান।

এ বিভাগের আরও খবর



গাজীপুরে গার্মেন্টসে আগুন: আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার
গাজীপুরের ভেগার চালা এলাকায় একটি তৈরি পোশাক কারখানায় লাগা আগুনে কারখানার ভেতরে আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। আ...



হাসিনাকে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের বিকল্প ছিল না: ভারতীয় হাইকমিশনার
২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনাকে ভারতে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের হাতে তেমন কোনো বিকল্প ছিল না বলে মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার...



কঠোর নিরাপত্তায় রূপপুরে পৌঁছাল প্রথম ইউরেনিয়ামের চালান
কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে পৌঁছেছে ইউরেনিয়ামবাহী গাড়িবহর। আজ শনিবার (৩ অক্টোবর) দুপুর সাড়ে ১২টার দিকে গাড়িবহর...



চট্টগ্রাম বন্দরে ১৫০ টন বিপজ্জনক কেমিক্যাল ধ্বংস শুরু
চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা নিশ্চিত করা এবং কনটেইনার জট কমাতে দীর্ঘদিন পড়ে থাকা বিপজ্জনক কেমিক্যাল ধ্বংসের কার্যক্রম শুরু হয়েছে। এসব কেমিক্যাল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/julai-obhjutthane-3-lakh-5311-guli-bjbhar-krechhe-pulish>